

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৪৫

তারিখ:

১৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ

২৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি


বিষয়: ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (IFC) এর সাথে বিএসইসি'র সভা।



অদ্য ২৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখ রোজ রবিবার বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এবং বিশ্ব ব্যাংক গ্রুপের প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (IFC) এর একটি দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। বিএসইসি ভবনে অনুষ্ঠিত উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এবং IFC এর ৫ সদস্যের প্রতিনিধি দল উপস্থিত ছিলেন। IFC এর ৫ সদস্যের প্রতিনিধি দলে ছিলেন IFC South Asia এর Regional Director Mr. Imad Fakhoury, IFC এর Regional Chief Risk Officer Mr. Vivek Pathak, IFC এর Senior Country Officer Mr. Kazi Farhan Zahir, IFC এর Manager Mr. Wilfried Tamegnon এবং IFC এর Principal Investment Officer Mr. Ehsanul Azim।

উক্ত সভায় দেশের পুঁজিবাজারের সার্বিক উন্নয়নে বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও দেশের পুঁজিবাজারের সংস্কার এবং পরিবর্তনের ক্ষেত্রসমূহ নিয়েও আলোচনা হয়। পুঁজিবাজারে বিনিয়োগকারীদের আস্থা ও অংশগ্রহণ বৃদ্ধির পাশাপাশি টেকসই উন্নয়নের জন্য বিএসইসি'র কার্যক্রমের বিষয়েও সভায় আলোচনা হয়। সর্বোপরি দেশের পুঁজিবাজারকে আরো এগিয়ে নিতে IFC এর সহযোগিতার কথা আলোচনায় গুরুত্ব পেয়েছে।

মুখপাত্র, বিএসইসি এর পক্ষে


২৯.০৯.২০২৪

মো. মোহাইমিনুল হক
জনসংযোগ কর্মকর্তা, বিএসইসি